

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

আগারগাঁও শেরেবাংলা নগর

ঢাকা-১২০৭।

www.lged.gov.bd

স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২(অংশ-১).০৮-২১১

তারিখ: ০৩/১১/২০২৫


অফিস আদেশ

বিষয়: স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর এর আওতায় টেকনিক্যাল সাপোর্ট ইউনিটে অর্পিত ক্রয়কার্যসমূহের দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় (OCE), বার্ষিক ক্রয় পরিকল্পনা এবং কার্য সংক্রান্ত ক্রয় চুক্তি অনুমোদনের আর্থিক ক্ষমতা পুন:অর্পণ (Sub-delegate) প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কোনো মন্ত্রণালয়, বিভাগ, অধিদপ্তর, পরিদপ্তর বা স্বায়ত্বশাসিত সংস্থার অর্পিত ক্রয়কার্যসমূহ স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের টেকনিক্যাল সাপোর্ট ইউনিটের মাধ্যমে পরিচালিত হয়ে থাকে। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ এর বিধি ২০ (২) (খ) অনুসারে উক্ত অর্পিত ক্রয় কার্যসমূহের দরপত্র প্রক্রিয়াকরণ/ক্রয়চুক্তি অনুমোদনে গতিশীলতা আনয়ন এবং সিদ্ধান্ত গ্রহণ ত্বরান্বিত করার লক্ষ্যে অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত আর্থিক ক্ষমতা অর্পণ আদেশ (Delegation of Financial Power) অনুসারে ক্রয়কারী কার্যালয়ের প্রধানের উপর অর্পিত আর্থিক ক্ষমতা টেকনিক্যাল সাপোর্ট ইউনিটের জন্য দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত প্রধান প্রকৌশলীকে নিম্নরূপে পুন:অর্পণ (Sub-delegate) করা হলোঃ

| ক্রঃনং | বিবরণ | অর্পণকৃত ক্ষমতা |
|--------|-----------------------------------------|-------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|
| ১ | ২ | ৩ |
| ১. | দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় (OCE) অনুমোদন | দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় উন্নয়ন প্রকল্পের বা কর্মসূচির বা পরিচালন বাজেটের সার্বিক বা বার্ষিক ক্রয় পরিকল্পনাতে উল্লিখিত প্রাক্কলিত ব্যয় হতে কম থাকা সাপেক্ষে পূর্ণ ক্ষমতা। |
| ২. | বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদন | পূর্ণ ক্ষমতা। |
| ৩. | কার্য সংক্রান্ত ক্রয় চুক্তি অনুমোদন | সুপারিশকৃত চুক্তি মূল্য দাপ্তরিক প্রাক্কলিত ব্যয়ের মধ্যে থাকা সাপেক্ষে ৫.০০ কোটি টাকা পর্যন্ত। |

ইতোপূর্বে এতদ্বিষয়ে জারিকৃত সকল অফিস আদেশ ও পত্রাদি বাতিলপূর্বক এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।



প্রধান প্রকৌশলী (বুটিন দায়িত্ব)

ফোন: ০২-৫৫০০৭২৪৮

ই-মেইল: ce@lged.gov.bd

তারিখ: ০৩/১১/২০২৫

স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২(অংশ-১).০৮-২১১/১ (৩০)

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

- ১। সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর/বিভাগ।
- ৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর/বিভাগ।
- ৫। প্রকল্প পরিচালক (সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলা:.....।
- ৭। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলা:....., জেলা:.....।



মোঃ জাহিদ হোসেন খান

নির্বাহী প্রকৌশলী (প্রকিউরমেন্ট)

ফোন: ০২-৫৫০০৬৭৭৫

ইমেইল: xen.procurement@lged.gov.bd